

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৪

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় 'অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

باب الإيمان بالقدر – الفصل الثاني

আরবী

وَعَنْ عَلِيٍّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَا يُؤْمِنُ عَبْدٌ حَتَّى يُؤْمِنَ بِأَرْبَعٍ: يَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنِّي رَسُولُ اللَّهِ بِعَثْنِي بِالْحَقِّ وَيُؤْمِنُ بِالْمَوْتِ وَالْبَعْثِ بَعْدَ الْمَوْتِ وَيُؤْمِنُ بِالْقَدَرِ . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَه

বাংলা

১০৪-[২৬] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন বান্দা মু'মিন হতে পারবে না, যতক্ষণ পর্যন্ত এ চারটি বিষয়ের উপর ঈমান না আনেঃ (১) সে সাক্ষী দিবে আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, (২) নিঃসন্দেহে আমি আল্লাহর রসূল, আল্লাহ আমাকে দীনে হক সহকারে পাঠিয়েছেন, (৩) মৃত্যু ও মৃত্যুর পরে হাশের (হাশরের) মাঠে পুনরুত্থান দিবসে বিশ্বাস রাখবে এবং (৪) তাকদীরের উপর বিশ্বাস রাখবে। (তিরমিযী ও ইবনু মাজাহ)[১]

English

Chapter: Belief in the Divine Decree - Section 2

'Ali reported that God's messenger said, "A man is not a believer till he believes in four things : he must testify that there is no god but God and that I am God's messenger whom He sent with the truth ; he must believe in death and in the resurrection after death; and he must believe in the divine decree."

Tirmidhi and Ibn Majah transmitted it.

ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ২০৭১, ইবনু মাজাহ ৭৮, তবে তাতে بِالْقَدَرِ অংশটুকু নেই, সহীহুল জামি' ৭৫৮৪।

হাদীসের শব্দগুলো তিরমিযীর। হাদীসের সানা দটি সহীহ। ইমাম হাকিম (রহঃ) হাদীসটিকে বুখারী মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন আর এটিকে ইমাম যাহাবী (রহঃ) সমর্থন করেছেন। ইবনু মাজাহতে হাদীসটি **وَيُؤْمِنُ بِالْقَدَرِ** অংশটুকু ব্যতীত রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে বর্ণিত চারটি বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন না করলে কোন ব্যক্তি মু'মিন হতে পারবে না। এ থেকে জানা যায় যে, তাক্বদীর অস্বীকারকারীগণ মু'মিন নয়। তারা কাফির যদিও তারা আল্লাহর একত্ববাদে এবং রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি বিশ্বাসী।

(يُؤْمِنُ بِالْمَوْتِ) “মৃত্যুর প্রতি বিশ্বাস স্থাপন করে।” অর্থাৎ- এ বিশ্বাস রাখে যে, এ দুনিয়া স্থায়ী নয় তা ধ্বংস হয়ে যাবে অথবা এ বিশ্বাস রাখে আল্লাহর নির্দেশে মৃত্যু ঘটে প্রকৃতিবাদীদের মতো মনে করে না যে, শরীর বিনষ্ট হয়ে যাবার কারণে মৃত্যু ঘটে।

(يُؤْمِنُ بِالْقَدَرِ) “তাক্বদীরের প্রতি বিশ্বাস স্থাপন করে।” অর্থাৎ- এ বিশ্বাস রাখে যে, সারাবিশ্বে যা ঘটে তা আল্লাহর ফায়সালা অনুযায়ী ঘটে। এতে এ প্রমাণ পাওয়া যায় যে, তাক্বদীরের প্রতি বিশ্বাস স্থাপন ঈমানের একটি রুকন, এ বিশ্বাস ব্যতীত ঈমানের অস্তিত্ব নেই।

হাদীসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54663>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন